

## আঁধার পরিধি

একরাম আলি

৫৩

পথে যে রসালো ফল বুলে আছে নিচু বৃক্ষশাখে  
তার জমে -ওঠা রস, গ্লানি, শোক, মৃতসঙ্গীবনী  
পোরোতে পোরোতে দেখি, ফেরেশতারা কাকে  
লক্ষ করছেন— সেই দ্বন্দ্ব-ভরা দৃষ্টির সরণি

দু'পাশে গাছের সারি হেঁটে যায়, পাতাগুলো ঝরে  
চিবোনো তেঁতুল-ছিবড়ে, শুকনো পাতা জমে ওঠে রিসাইকল বিনে  
যখন সে বাঁচে ছিল, মরে গিয়েছিল, ফের সব মনে পড়ে  
তার জন্মকথা কিছু গোপনে শুনিয়েছিলাম, তাই  
আমার মাথার দিকে উল্কা ছুটে আসে রাতেদিনে

৫৫

বাড়ি তালাবন্ধ, কেউ থাকে না এখানে

যারা মরে গেছে আর বেঁচে আছে যারা

কেউ নেই

শুধু ধুলো, হাওয়া, কীট, পতঙ্গ, সাপেরা থেকে গেছে  
ঝরাপাতা, খড়কুটো উড়ে এসে জমে

আর আসে জামগাছে পাতা ঝরলে শীত

আমের মুকুল এলো বোঝা যায় বসন্ত এসেছে

ঘাসের জঙ্গলে ঢাকা বর্ষার উঠোনে

নারকোলগাছে ঝোলে কচি ডাব, বুনো

রোদ বৃষ্টি বাড় আর মাঝে মাঝে ঘুমোট গরমে

বন্ধ বাড়ি ক্রমশ হয়েছে ঘরকুনো